

ঢাকা, বুধবার, ১৬ সেপ্টেম্বর ২০০৯
১ আশ্বিন ১৪১৬, ২৫ রমজান ১৪৩০
রেজি. নং ডিএ ১৮৮০, বর্ষ ১১, সংখ্যা ৩০৯

প্রথম আলো

কাঁকনহাট পৌরসভার ওয়েবসাইট

রাজশাহীর পোদাগাড়ী উপজেলার কাঁকনহাট পৌরসভার নিজস্ব ওয়েবসাইট ইন্টারনেটে চালু হয়েছে। গতকাল মঙ্গলবার পোদাগাড়ী-তানোর আসনের সাংসদ ওমর ফারুক চৌধুরী আনুষ্ঠানিকভাবে এই ওয়েবসাইটের উদ্বোধন ঘোষণা করেন। গতকাল কাঁকনহাট পৌরসভাকে মডেল পৌরসভায় রূপান্তর এবং সিটি ওয়াইড স্যানিটেশন কর্মপরিকল্পনাবিষয়ক সভায় ওমর ফারুক চৌধুরী এ ঘোষণা দেন। এ সভা উপলক্ষে সেখানে সুধী সমাবেশ ও ইফতার মাহফিলের আয়োজন করা হয়। ওমর ফারুক চৌধুরী বলেন, কাঁকনহাট পৌরসভাকে এই অঞ্চলের একটি মডেল পৌরসভা হিসেবে গড়ে তুলতে হবে। এ জন্য পৌরসভার সাধারণ মানুষ ও বিভিন্ন দাতা সংস্থাকে এগিয়ে আসতে হবে। তিনি কাঁকনহাট পৌরসভার ওয়েবসাইট ও পৌর এলাকার স্যানিটেশনে এগিয়ে আসার জন্য বিশ্বব্যাংকের প্রতিনিধিদের ধন্যবাদ জানান। তিনি বিভিন্ন উন্নয়ন সংস্থা ও দাতাদের এই অঞ্চলের মানুষের উন্নয়নে এগিয়ে আসার আহ্বান জানান। পৌরসভার ওয়েবসাইটের উদ্বোধনকালে ওমর ফারুক চৌধুরী বলেন, এখন থেকে এই ওয়েবসাইটের মাধ্যমে পৃথিবীর মানুষ কাঁকনহাট পৌরসভার কার্যক্রম দেখতে পারবে। কাঁকনহাট পৌরসভার মেয়র আব্দুল মজিদেব সভাপতিত্বে ওয়েবসাইটের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য দেন ডব্লিউএসপি বিশ্বব্যাংকের স্যানিটেশন বিশেষজ্ঞ মার্ক ইলারি, সংস্থাপন মন্ত্রণালয়ের যুগ্ম সচিব সফিকুল ইসলাম ও ডব্লিউএসপি বিশ্বব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তা শান্তনু লাহিড়ী। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পোদাগাড়ী উপজেলা চেয়ারম্যান আতাউর রহমান খান, উপজেলা নির্বাহী কর্মকর্তা জুলিয়া মইন প্রমুখ। —আবুল কালাম মুহম্মদ আজাদ, রাজশাহী